শহিদ বীজ ভান্ডার থেকে বীজ নিয়ে প্রতারিত হয়ে ক্ষতিপুরণ পেল ঝিনাইদহের ৭ কৃষক

বীজ ভান্ডারের বিরুদ্ধে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে অভিযোগ করে ক্ষতিপুরণ পেল ঝিনাইদহের ৭ জন কৃষক। শহরের অগ্নিবীণা সড়কের শহিদ বীজ ভান্ডার থেকে ধানের বীজ কিনে প্রতারিত হওয়ায় তারা এই ক্ষতিপূরণ পান।
ক্ষতিগ্রস্থরা হলেন- হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের হাকিমপুর গ্রামের কৃষক জনাব আলী, আজিজার মন্ডল, আতিয়ার রহমান, নজির আলী খাঁ, সজল হোসেন, আকাশ মিয়া, লিমন হোসেন।
জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, শহরের অগ্নিবীণা সড়কের শহিদ বীজ ভান্ডার হতে চলতি মৌসুমে আবাদের জন্য স্বর্ণা ধানের বীজ ক্রয় করেন ওই ৭ কৃষক। বীজতলায় বীজ বপনের পর স্বাভাবিকভাবেই চারা গজায়। কিন্তু বীজতলা হতে চারা তুলে জমিতে রোপন করার কয়েকদিন পর স্বাভাবিক বৃদ্ধির পরিবর্তে চারা হতে শীষ গজাতে শুরু করে। এতে ফলন বিপর্যয়ের আশংকা করে তার। বিষয়টি নিয়ে গত ১৮ আগস্ট জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযোগ করেন তারা। শহিদ বীজ ভান্ডার সিলে স্বর্ণা নামের জাত বলে বিক্রি করে। অভিযোগ পাওয়ার পর বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতামত গ্রহণ করার পর জাতটি অবৈধ বলে বিবেচিত হয়। পরে অভিযোগ শুনানী ও সত্যতা প্রমাণ পাওয়া যায়।
এসময় ক্ষতিগ্রস্থ কৃষকরা বিঘা প্রতি ৯ হাজার টাকা ক্ষতিপুরণ দাবী করে। পরবর্তীতে অভিযোগ মিমাংসার মাধ্যমে ৭ জন কৃষকের ২৫ বিঘা জমির জন্য ২ লাখ ২৯ হাজার ৫’শ টাকা ক্ষতিপুরণ দেয় ওই প্রতিষ্ঠানটি।

হরিণাকুণ্ডুতে বিপ্লবী বীর বাঘাযতীনের ১০৬তম মৃত্যুবার্ষিকী পালিত

বৃট্রিশ বিরোধী আন্দোলনের বিপ্লবী বীর, সশস্ত্র যুগান্তর দলের প্রধান বিপ্লবী বাঘাযতীনের ১০৬ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার সকালে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার রিশখালী গ্রামে এই বীবের পৈতৃক ভিটায় অবস্থিত তার ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেণ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন ও উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

এ সময় বিপ্লবী বাঘাযতীন একাডেমির সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা ইউপি চোয়ারম্যানগণ উপস্থিত ছিলেন।

কিউবায় ফিদেল কাস্ত্রোর সঙ্গে সফল বিপ্লবের পর বলিভিয়ায় গিয়েছিলেন আরেকটি বিপ্লবের প্রত্যয় নিয়ে। বলিভিয়াতে থাকার সময় তিনি সিআইএ (সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সি) মদদপুষ্ট বলিভিয়ান বাহিনীর হাতে ধরা পড়েন।

১৯১৫ সালের ১০ সেম্পেম্বর, বলিভিয়ার শহর লা হিগুয়েরাতে বলিভিয়ার সেনাবাহিনী তার মৃত্যদন্ড কার্যকর করে।

জাতীয় নদী রক্ষা কমিশনের নবগঙ্গা নদীতে জরিপের কাজ পরিদর্শন

জাতীয় নদী রক্ষা কমিশনের প্রতিনিধিগণ নবগঙ্গা নদীতে জরিপের কাজ পুরদশর্নের উদ্দেশ্যে হলিধানী ইউনিয়নের নাটাবাড়ীয়া গ্রামে নবগঙ্গা নদীতে আসেন। গত বৃহস্পতিবার দুপুরে তারা এই জরিপের

উদ্দেশ্যে আসেন।

এসময় উপস্থিত ছিলেন জাতীয় নদী রক্ষা কমিশনের প্রোগ্রাম অফিসার মোঃ জিয়াউল হক, হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান, হলিধানী ইউনিয়নের সচিব মোঃ শওকত আলী নদীরক্ষা কমিশনের ফিল্ড অফিসার মোঃ আনারুল ইসলাম, মোঃ শহিদুল ইসলাম, মোছাঃ ফেরদৌসী রিনি এবং ৪নং হলিধানী ইউনিয়নের ৪নং ওয়ার্ড মেম্বার মোঃ আবুল হোসেন।

জরিপ শেষে কিভাবে নদী খনন করা যায় এবং নদী খনন না করলে কি কি সমস্যা হচ্ছে সেই বিষয়ে এলাকার মানুষ কথা বলেন।

ঝিনাইদহে স্বর্ণালংকারসহ ১ জন আটক

ঝিনাইদহে পাচারের সময় প্রায় ৫০ লাখ টাকা মুল্যের স্বর্ণালংকারসহ রফিকুল ইসলাম (৩৬) নামের এক ব্যক্তিকে আটক করেছে গোয়েন্দা পুলিশ।

শুক্রবার সকালে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা সদর জেলার সরকারী ভেটেরিনারী কলেজের সামনে থেকে তাকে আটক করা হয়। সে চাঁদপুর জেলার হাজিগঞ্জ গ্রামের আব্দুল মোমিনের ছেলে।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান, চুয়াডাঙ্গা থেকে ঢাকায় স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সরকারী ভেটেরিনারী কলেজের সামনে চেকপোস্ট বসায় গোয়েন্দা পুলিশ।

সেসময় চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী রয়েল পরিবহনের বাসে তল্লাসী করে রফিকুল ইসলামকে আটক করা হয়। পরে তার দেহ তল্লাসী করে উদ্ধার করা হয় ১ কেজি ৪শ’ ২৫ গ্রাম স্বর্ণ। এই স্বর্ণ অলঙ্কার চুয়াডাঙ্গা জেলার বারোবাজার এলাকা থেকে ঢাকার ধোলাইখাল এলাকায় নিয়ে যাওয়া হচ্ছিল।

তার বিরুদ্ধে মামলা করে থানায় সোপর্দ করা হয়েছে। ডিবি ওসি

জানান, ১ কেজি ৪শ’ ২৫ গ্রাম এই স্বর্ণালংকারের মধ্যে কিছু পাথরও রয়েছে। সেই সাথে ১৮ ও ২২ ক্যারেটের স্বর্ণ রয়েছে।

কোটচাঁদপুরে দুই শ্রমিককে হাতুড়ি পিটা করলো সাবেক বিজিবি সদস্য

ঝিনাইদহের কোটচাঁদপুর পল্লিতে পাওনা টাকা চাওয়ায় দুই রাইচ মিল শ্রমিক কে হাতুড়ি দিয়ে পিটিয়ে আহত করেছে হাফিজুর রহমান নামে এক সাবেক বিজিবি সদস্য।

বৃহস্পতিবার সকালে উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরামনগর গ্রামে এই ঘটনা ঘটে। আহতরা হলেন, উপজেলার বলরামনগর গ্রামের মৃত মহিম উদ্দিনের ছেলে আজিজুল হক (৩২) ও খালিশপুরের পুরুন্দপুর গ্রামের নামির উদ্দিনের ছেলে শরিফ উদ্দিন (২৫)।

এঘটনায় আহতের স্ত্রী বাদী হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেছেন। পুলিশ ঘটনাস্থল থেকে অভিযুক্তকে আটক করেছে।

আহত ভুক্তভোগী শ্রমিক আজিজুল জানান, চতুরপুর গ্রামের মৃত মতলেব বিশ্বাসের ছেলে সাবেক বিজিবি সদস্য হাফিজুর রহমানের চাউলের মিলে দীর্ঘদিন যাবত শ্রমিকের কাজ করি।

ওখানে কাজ করা অবস্থায় আরেক শ্রমিক মহেশপুরের বুজতলা গ্রামের উজ্জল হালদারকে কিছু টাকা হাওলাদ দিয়। বিভিন্ন সময়ে পাওনা টাকা চাইতে গেলে সে বলে, পারলে আদায় করে নে।

বেশ কিছুদিন যাবৎ হাফিজুরের মিলে কাজ ছেড়ে তারই আপন ভাই শফিকুলের একটি চাউলের মিলে শ্রমিকের কাজ করছি। আমার টাকা প্রয়োজন হওয়ায় বৃহস্পতিবার সকালে উজ্জলের কাছে ফোনে টাকা চায়।

এ সময় সে গালাগালি করে। আমিও তাকে গাল দিয়। কিছুক্ষণ পরে শফিকুলের চাউলের মিলে এসে বিজিবি হাফিজুর একটি হাতুড়ি দিয়ে আমার

সহকারি শ্রমিক শরিফকে পিটাতে থাকে। আমি বাধা দিতে গেলে সে আমাকেও হাতুড়ি দিয়ে পিটিয়ে গুরতর আহত করে।

এসময় স্থানীয়রা আমাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন। পরে এলাকাবাসী হাফিজুরকে একটি ঘরে আটকে রেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থল থেকে হাফিজুরকে আটক করে।

বিষিয়টি নিশ্চিত করে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, এঘটনায় আহতের স্ত্রী ঝর্না বেগম বাদী হয়ে থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলা নং-০৪। পুলিশ ঘটনাস্থল থেকে আসামী হাফিজুরকে আটক করেছে।

কালীগঞ্জে বাসের ধাক্কায় নিহত ২! ক্ষুব্ধ এলাকাবাসীর সড়ক অবরোধ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পিরোজপুর এলাকায় বাসের ধাক্কায় ২ জন নিহত হয়েছে। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ-যশোর মহাসড়কের কালীগঞ্জ উপজেলার পিরোজপুর তিন বটতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো-কালীগঞ্জ উপজেলার বাদেডিহি গ্রামের মৃত জাহাবক্সের ছেলে মহিদুল ইসলাম (৫০) ও পিরোজপুর গ্রামের মোশাররফ হোসেনের স্ত্রী তাসলিমা খাতুন (৩৫)। এদিকে এ ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ-যশোর মহাসড়ক অবরোধ করে এলাকাবাসী।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, সকালে ভ্যানে যাত্রী নিয়ে বারোবাজার থেকে পিরোজপুর যাচ্ছিল মহিদুল ইসলাম। পথে ঘটনাস্থলে পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে যশোরগামী শাপলা পরিবহণের একটি যাত্রীবাহী বাস (ময়মনসিংহ – জ-১১-০০৮৯) তাদের ধাক্কা দেয়।

এতে ভ্যানটি দুমড়ে-মুচড়ে যায়। ঘটনাস্থলেই নিহত হয় মহিদুল ইসলাম।

আহত হয় ভ্যানের তাসলিমা খাতুন নামের এক যাত্রী। তাকে উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে পথেই তার মৃত্যু হয়।

এদিকে, এ ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ-যশোর মহাসড়ক অবরোধ করে এলাকাবাসী। এতে বন্ধ হয়ে যায় উভয় পাশের যানচলাচল। সড়কের দুই পাশে গাড়ীর দীর্ঘ লাইন পড়ে যায়। প্রায় দেড় ঘন্টার পর সড়কে যানচলাচল স্বাভাবিক হয়।

বারোবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেজবাহ ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বাসটি আটক করলেও চালক পলাতক রয়েছে।

হরিণাকুন্ডুতে প্রতিষ্ঠান প্রধানদের সাথে মতবিনিময়

মহামারী করোনার কারণে দীর্ঘ ১৮মাস বন্ধ থাকার পর আগামী ১২ সেপ্টেম্বর খুলছে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান। ইতোমধ্যে এসব প্রতিষ্ঠানগুলোকে পাঠদানের উপযোগী করে তুলতে দিনরাত পরিস্কার-পরিছন্নতাসহ চলছে নানান কর্মযজ্ঞ। পাশাপাশি করোনা সচেতনতায় সরকারের নির্দেশনা বাস্তবায়নে কাজ করছে মাঠ প্রশাসন।

এদিকে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠান খোলা ও একাডেমিক কার্যক্রম চালুকরণ বিষয়ে বৃহস্পতিবার উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের সাথে মতবিনিময় করেছে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসন ও মাধ্যমিক শিক্ষা দপ্তর।

প্রতিটি প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বাধ্যতামূলক মাস্ক পরিধান, প্রতিষ্ঠানে হ্যান্ডস্যানিটাইজারের ব্যবহার, মা ও অভিভাবক সমাবেশ করে করোনা সচেতনতা সৃস্টি করা ও স্বাস্থ্যবিধি মেনে পাঠদানের বিষয় নিশ্চিত করতে সকালে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে ইউএনও সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে এই মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। এ সময় মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হকসহ বিভিন

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বক্তব্য দেন।

মতবিনিময় শেষে উপজেলা পরিষদের পক্ষ থেকে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মাঝে মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করা হয়।

ঝিনাইদহে জামায়াত কর্মীকে সৈনিক লীগের আহবায়ক করায় তোলপাড়

ঝিনাইদহে জামায়াত নেতাকে সদর উপজেলা সৈনিক লীগের আহবায়ক করায় তোলপাড়ের সৃষ্টি হয়েছে। এতে করে সৈনিক লীগসহ আওয়ামী লীগ নেতাকর্মীরা ক্ষুব্ধ হয়েছে। চলছে নানা আলোচনা সমালোচনা। বিষয়টি কেন্দ্রীয় কমিটির কাছে তদন্তপূর্বক করে কমিটি বাতিলের দাবি জানিয়েছেন জেলা সৈনিক লীগ ও সাধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগ। অভিযোগে জানা গেছে, ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নের বাদপুকুর গ্রামের বদর উদ্দিনের ছেলে ফিরোজ আহমেদ দীর্ঘদিন ধরে জামায়াতের রাজনীতি করে আসছিল। গোপনে বঙ্গবন্ধু সৈনিক লীগের কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপÍ সভাপতি ও সংরক্ষিত ঢাকা-১ আসনের এমপি শিরিন আহম্মেদের সাথে যোগাযোগ করে এবং তাকে ভুল বুঝিয়ে নিজে সদর উপজেলা আহবায়ক হয়ে একটি কমিটি করে আনা হয়েছে।

কমিটি করে আনার পর ঝিনাইদহ জজ আদালতের সামনেসহ শহরের বিভিন্নস্থানে বিলবোর্ড টাঙিয়েছে। তার ভাই জাহিদুল ইসলাম জাতীয় সংসদ নির্বাচনে সন্ত্রাসী কর্মকান্ডে জড়িত থাকার অভিযোগে বিস্ফোরক আইনে মামলা হয়। সেটি এখানো চলমান রয়েছে। এ ঘটনায় জেলা সৈনিক লীগের সভাপতি সৈয়দ আল ইমরান ও সাধারন সম্পাদক আব্দুল মান্নান রানা কমিটির বাতিলের জন্য কেন্দ্রীয় কমিটি বরাবর একটি অভিযোগ পাঠিয়েছেন।

সেই অভিযোগে স্থানীয় সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোহাম্মদ মোজাম্মেল হোসেন ও সাধারন সম্পাদক মুন্সি মোঃ শাহিন

রেজা সাইদ সুপারিশ করেছেন। এব্যাপারে ঝিনাইদহ সদরের আহবায়ক ফিরোজ আহমেদের সাথে জামায়াত নেতার সম্পর্কে জানতে চাইলে তিনি বিষয়টি এড়িয়ে যান।

ঝিনাইদহে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে এক কলেজ ছাত্রের মৃত্যু

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জিহাদ জোয়ার্দ্দার(১৮) নামে এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। গেল মঙ্গলবার রাতে সদর উপজেলা শহরের ছোট ভাটিয়াগাতী গ্রামে এঘটনা ঘটে। সে ওই গ্রামের ব্যবসায়ী সেলিম জোয়ার্দ্দারের একমাত্র ছেলে ও মোশারফ হোসেন ডিগ্রী কলেজের ২য় বর্ষের ছাত্র।

নিহতের চাচা সবুজ মিয়া জানান, রাত সাড়ে ১১টার দিকে রাতের খাবার খাচ্ছিল জিহাদ। হঠাৎ তার মোবাইলে চার্জ ফুরিয়ে যায়। ওই সময় জিহাদ নিজ ঘরে মোবাইল ফোন চার্জ দিতে যায়। সবার অজান্তে আগে থেকে প্লাগের তার ছিদ্র থাকায় চার্জার ঢুকাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়।

সেসময় স্বজনেরা ঘটনাস্থলে থেকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। বিষয়টি নিশ্চিত করেছেন সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা।

কালীগঞ্জে বেকারী মালিককে জরিমানা

ঝিনাইদহ জেলা প্রশাসন ও র্যাব,৬ এবং ভোক্তা অধিকারের সহযোগীতায় পরিচালিত যৌথ অভিযানে জেলার কালীগঞ্জ শহরের মুসলিম

বেকারী থেকে মানবদেহের জন্য ক্ষতিকর রাসায়নিক দ্রব্য ও মেয়াদোত্তীর্ণ তৈরী খাবার উদ্ধার করা হয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে

মঙ্গলবার দুপুরে শহরের গোহাটা রোডের মুসলিম বেকারীর ফ্যাক্টরি থেকে এগুলো উদ্ধার করা হয়।

এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেট জিন্নাতুল ইসলাম পরিচালিত ভ্রাম্যমান আদালত স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ইউরিয়াসহ অন্যান্য রাসায়নিক দিয়ে খাদ্য সামগ্রী তৈরী করার অপরাধে বেকারীর মালিককে ৫০ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে ৩ মাস কারাদন্ড প্রদান করেন। পরে এগুলো শহরের চিত্রানদীতে ফেলিয়ে দিয়ে ধবংস করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন র্যাব -৬ এর কোম্পানী কমান্ডার মেজর মোহম্মদ শরিফুল ইসলাম, র্যাব ৬’র এ এস আই,তারেক আমান বান্না, ঝিনাইদহ ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল ছাড়াও র্যাবের অন্যন্য সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ- র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার মেজর মোহম্মদ শরিফুল আহসান জানান, তারা গোপন সংবাদের ভিত্তিতে খবর পান যে, দীর্ঘদিন ধরে কালীগঞ্জের মুসলিম বেকারীতে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর রাসায়নিক পদার্থ দিয়ে পাউরুটি, বিস্কুটসহ অন্যান্য খাদ্য সামগ্রী তৈরী করে পাইকারী বিক্রি করা হচ্ছে।

এরপর মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টার দিকে বেকারীটিতে অভিযান চালিয়ে খাদ্যে ব্যবহৃত ইউরিয়াসহ অন্যন্য রাসায়নিক পদার্থ উদ্ধার করা হয়।

পরে নির্বাহী ম্যাজিষ্ট্রেট জিন্নাতুল ইসলাম পরিচালিত ভ্রাম্যমান আদালতে বেকারীর মালিককে ৫০ হাজার টাকা জরিমানা করেন। অনাদয়ে ৩ মাসের কারাদন্ড প্রদান করা হয়। পরে এগুলো জনসম্মুখে চিত্রানদীতে ফেলে নষ্ট করা হয়।